



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
চট্টগ্রাম-৪৩৪৯।



স্মারক নং- চুয়েট/একা-৪৪/৩৭

তারিখঃ ২২/০১/২০২২ খ্রিঃ।

গত ২১/০১/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৩৮তম (জরুরী) সভার সিদ্ধান্ত [সিদ্ধান্ত-১৩৮/১:] আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে হুবহু উদ্ধৃত হলঃ

“সিদ্ধান্ত-১৩৮/১ঃ (ক) ২১ জানুয়ারি ২০২২ থেকে ০৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ে সশরীরে একাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে, উপরোক্ত সময়ে শুধুমাত্র অনলাইনে একাডেমিক কার্যক্রম চলবে।

(খ) পোস্ট গ্রাজুয়েট এর একাডেমিক কাউন্সিল এর ১২০তম সভার সিদ্ধান্ত ১২০/৮-এ উল্লেখিত - “Oral Examination এর সময় সংশ্লিষ্ট শিক্ষার্থী, সুপারভাইজার, কো-সুপারভাইজার, বিভাগীয় প্রধান এবং আভ্যন্তরীণ সদস্য/সদস্যবৃন্দ সশরীরে উপস্থিত থাকবেন। শুধুমাত্র বহিঃপরীক্ষক প্রয়োজনে অনলাইন-এ উপস্থিত থেকে পরীক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করবেন।” -এর পরিবর্তে চলমান বৈশ্বিক করোনা মহামারীর বিষয়টি বিবেচনায় এনে “Oral Examination এর সময় সংশ্লিষ্ট শিক্ষার্থী, বহিঃপরীক্ষক, সুপারভাইজার, কো-সুপারভাইজার, বিভাগীয় প্রধান এবং আভ্যন্তরীণ সদস্য/সদস্যবৃন্দ অনলাইন-এ উপস্থিত থেকে পরীক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন।”-মর্মে অনুমোদিত হলো।”

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. ফারুক-উজ-জামান চৌধুরী)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ২২/০১/২০২২ খ্রিঃ।

স্মারক নং- চুয়েট/একা-৪৪/৩৭(০৭)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সকল ডীন, চুয়েট।
২. সকল ইনস্টিটিউটের পরিচালক, চুয়েট।
৩. সকল বিভাগীয় প্রধান, চুয়েট।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, চুয়েট।
৫. পরিচালক, আইআইসিটি এবং সিস্টেম এনালিস্ট (আইআইসিটি), চুয়েট। বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
৬. পি ও টু রেজিস্ট্রার, চুয়েট। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত

(মোহাম্মদ ফজলুর রহমান)

উপ-পরিচালক (জনসংযোগ)

উপাচার্য মহোদয়ের দপ্তর

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।